

## রাজশাহীতে ১৮ শিক্ষক কর্মচারী পাঁচ মাস বেতন পাচ্ছেন না!

এ নিয়ে  
প্রতিষ্ঠানের  
শিক্ষক-  
কর্মচারীদের  
মধ্যে তীব্র  
ক্ষোভ ও  
অসন্তোষ  
ছড়িয়ে  
পড়েছে

### ■ রাজশাহী অফিস

রাজশাহী শিক্ষাবোর্ড মডেল স্কুল অ্যান্ড কলেজের ১৮ শিক্ষক-কর্মচারীর বেতন-ভাতা পাঁচ মাস ধরে আটকে রাখার অভিযোগ পাওয়া গেছে।

ভুক্তভোগীদের অভিযোগ, গভর্নিং বডি'র চেয়ারম্যান মুম্ব আদায়ের জন্যই তাদের বেতন-ভাতা বন্ধ রেখেছেন। এনিয়ে প্রতিষ্ঠানটির শিক্ষক-কর্মচারীদের মধ্যে তীব্র ক্ষোভ ও অসন্তোষ ছড়িয়ে পড়েছে। জানা গেছে, মডেল স্কুল অ্যান্ড কলেজের ১২ শিক্ষক ও ছয় কর্মচারী পদে ২০১৪ সালের ৫ নভেম্বর নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তি মোতাবেক গত ২ জানুয়ারি লিখিত ও মৌখিক পরীক্ষা শেষে ১১ জানুয়ারি নিয়োগ কমিটির সভাপতি ও শিক্ষা বোর্ডের তৎকালীন চেয়ারম্যান আবদুর রউফ মিয়া ১৮ জনকে নিয়োগ দেন। পরের মাসে তিনি

অবসর প্রকৃতিকালীন ছুটিতে (এলপিআর) যান। এরপর ১৬ ফেব্রুয়ারি বর্তমান চেয়ারম্যান যোগদান করেন।

সূত্র মতে, নতুন নিয়োগ পাওয়া ১৮ শিক্ষক-কর্মচারীর নিয়োগে অনিয়মের অভিযোগ তুলে পাঁচ মাস ধরে বেতন-ভাতা বন্ধ রাখা হলেও বিষয়টি তদন্তের জন্য এখনো কোনো তদন্ত কমিটি গঠিত হয়নি। ফলে ভুক্তভোগী শিক্ষক-কর্মচারীরা মানবেতর জীবন-যাপন করছেন।

অধ্যক্ষ মকবুল হোসেন বলেন, ১৮ শিক্ষক-কর্মচারীর বেতন-ভাতা বন্ধের কারণ শিক্ষাবোর্ড চেয়ারম্যান জানান। এ বিষয়ে গভর্নিং বডি ও শিক্ষাবোর্ডের চেয়ারম্যান প্রফেসর আবুল হায়াত মুম্ব দাবির অভিযোগ অস্বীকার করে বলেন, ওই শিক্ষক-কর্মচারীদের নিয়োগে আপত্তির কারণে তাদের বেতন-ভাতা বন্ধ রাখা হয়েছে।